দৈনিক
জনকণ্ঠ

তারিখ 1 4 FEB 2005
পৃষ্ঠা ৩ কলাম ৭

# নকল রোধ না হলে শিক্ষকদের বেতন বন্ধ করে দেয়া হবে ॥ শিক্ষা প্রতিমন্ত্রী

**বাবুল হোসেন, গৌরীপুর থেকে ফিরে ॥** শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন পরীক্ষায় শতভাগ নকল প্রতিরোধ করার আহ্বান জানিয়ে বলেছেন, নকল বন্ধ না হলে শিক্ষকদের বেতন বন্ধ করে দেয়া হবে। প্রয়োজনে নিজ হাতে প্রতিষ্ঠানে তালা ঝুলিয়ে দেয়ার হুমকি দিয়ে প্রতিমন্ত্রী আরও বলেন, শিক্ষকরা নকলে জড়িত থেকে যদি হাইকোর্টের বারান্দায় দাঁড়িয়ে থাকেন তারপরও মন্ত্রণালয় থেকে তাঁদের বেতন দেয়া হবে না। তিনি বলেন, যে কোন মূল্যে শিক্ষকদের নকল বন্ধ করতে হবে। এজন্য তিনি শিক্ষকদের পাহারাদারের ভূমিকা পালনের পরামর্শ দিয়ে বলেন, যে দিন ছাত্রছাত্রীরা নিজ নিজ প্রতিষ্ঠানে পুলিশ ম্যাজিস্ট্রেট ছাড়াই পরীক্ষা দিতে পারবে সেদিন বুঝব নকল বন্ধ হয়েছে। শিক্ষা প্রতিমন্ত্রী মিলন রবিবার সকালে গৌরীপুর উপজেলার চান্দের সাটিয়া মডেল হাইস্কুল মাঠে নকল প্রতিরোধ ও খারাপ ফল অর্জনকারী প্রতিষ্ঠানসমূহের জন্য উদ্বুদ্ধকরণ এক সভায় এ কথা বলেন।

নকল প্রতিরোধ ও খারাপ ফল সম্পর্কে মাঠ পর্যায়ের শিক্ষকদের অভিজ্ঞতা জানার জন্য দেশব্যাপী কর্মসূচীর অংশ হিসাবে মৌসুমের প্রথম ঢাকা বিভাগীয় বৃহত্তর ময়মনসিংহের এই সভাটি হয় গৌরীপুরে। দেশের আরও নয়টি জেলা ও বিভাগীয় শহরে এ রকম সভা করার কথা রয়েছে। বৃহত্তর ময়মনসিংহের শেরপুর, জামালপুর, নেত্রকোনা ও ময়মনসিংহ– এই চার জেলার ২৪ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, শিক্ষা অফিসার, অভিভাবক, স্কুল পরিচালনা কমিটির সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক ও পুলিশ সুপারসহ প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। তবে সবার চোখে লেগেছে জনপ্রতিনিধিদের অনুপস্থিতি। অনুষ্ঠানে বৃহত্তর ময়মনসিংহের সরকারী-বিরোধী মিলিয়ে ১৬ এমপির যোগ দেয়ার কথা থাকলেও আওয়ামী লীগের দু'জন ছাড়া আর কেউ আসেননি।

যে সব শিক্ষা প্রতিষ্ঠান রেজাল্ট খারাপ করেছে মন্ত্রী সেসব শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানদের কাছ থেকে তার কারণ জানতে চান ও করণীয় সম্পর্কে মতামত নেন।